গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

স্মারকনং-৫৮.০৩.০০০০.০০৩.৩৪.১৯৯.১৯- ১১৫১৬/১(৭) তারিখ: ২৬/৭/১৪২৬বঃ ১১/১১/২০১৯

বিষয় : **National Road Safety Strategic Action Plan (2017-2020)** এর বাস্তবায়ন অগ্রগতির তথ্য প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : স্মারক নং-৫৮.০০.০০০০.০১২.৩৬.০০২.১৮-৪০৫, তারিখ: ০১ সেপ্টেম্বর, ২০১৯খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সরকার কর্তৃক অনুমোদিত **National Road Safety Strategic Action Plan (2017-2020)** এর আলোকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/কর্তৃপক্ষ এবং প্রতিষ্ঠানসমূহের (স্টেকহোল্ডারদের) নির্ধারিত কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন প্রেরণ করার জন্য সূত্রস্থ স্মারকের মাধ্যমে অনুরোধ করা হয়েছে।

উক্ত কর্মপরিকল্পনাটি বাস্তবায়নের অংশ হিসেবে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক গৃহীত কার্যক্রমের প্রতিবেদন নিম্নে পেশ করা হলো:-

১। সাধিত কার্যক্রম:

ক। ১লা জানুয়ারি ২০১৯ হতে ৩০ জুন-২০১৯ খ্রিঃ পর্যন্ত ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক সারাদেশে মোট ৪৩১৪ টি সড়ক দুর্ঘটনার উদ্ধার কাজে অংশগ্রহণ করে।

খ। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর সড়ক দুর্ঘটনায় আহত-৭৬৮৭ জনকে উদ্ধার করে এ্যাম্বুলেন্স ও রেসকিউয়ার গাড়িযোগে নিকটবর্তী হাসপাতালে পাঠানো এবং নিহত ৯৪৩ জনকে স্থানীয় পুলিশ প্রশাসনের নিকট হস্তান্তর করে।

গ। সড়ক দুর্ঘটনায় আহতদের অবস্থা অনুযায়ী তাৎক্ষনিক প্রাথমিক চিকিৎসা ও মানবিক সার্পোট প্রদান করে।

২। চাহিদা **(Requirement):**

ক। **Road Safety Programme** এর আওতায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর সদস্যদের প্রাথমিক চিকিৎসা বিষয়ক প্রশিক্ষণ।

খ। **Data Operating/Programming Training.**

গ। উদ্ধারকৃত মৃতদেহ সংরক্ষণের জন্য বডিব্যাগ **(Bodybag)।**

এমতাবস্থায়, **National Road Safety Strategic Action Plan (2017-2020)** এর বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন তাঁর পরবর্তী কার্যক্রমের জন্য সবিনয়ে প্রেরণ করা হলো।

১১/১১/১৯
ব্রিগেডিয়ার জেনারেল
মোঃ সাজ্জাদ হোসাইন, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, এমফিল
মহাপরিচালক।

সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিতরণ:

অবগতি:

১। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা মহোদয়ের সদয় অবগতির জন্য।

২। পরিচালক (প্রশাঃ ও অর্থ)/(পঃ উঃ প্রঃ)/(অপাঃ ও মেইনঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

৩। সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

কার্যার্থে:

১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেন্দ্রিয় নিয়ন্ত্রণকক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। (তাকে পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো)।

D:\Humavun 1\OPERATION SECTION-2\General Latter Nikhos Part 1.Docx